

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা।

নং-স্বাপকম/শুংখলা-২/অভি-১৯/২০০৮/

তারিখঃ -০৭-২০১১খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ বাবুল চন্দ্র সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বারহাট্টা, নেত্রকোনা -এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর ব্যক্তিগত সুনামী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত সুনামী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে দ্বিতীয় কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং তার জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি।


যেহেতু, তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)তাকে টাইম স্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়ার সিদ্ধান্ত প্রদান করেছে;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা টাইম স্কেল গ্রাপ্ত হননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ বাবুল চন্দ্র সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বারহাট্টা, নেত্রকোনা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শনো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (২) (ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ থেকে পরবর্তী ৩(তিন) বছরের জন্য জাতীয় বেতন স্কেল ২০০৯ এর সর্বনিম্ন ধাপ টাকা ১১০০০/- এ অবনমিত করা হলো। ঐ ৩(তিন)বছর তিনি কোন ইনক্রিমেন্ট প্রাপ্য হবেন না, ঐ সময়কাল ভবিষ্যতে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না এবং দভকাগীম সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(এ.কে.এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব


উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/শুংখলা-২/অভি-০১/২০০৮/১২৮/১(১০)

তারিখঃ ১১-০৭-২০১১খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কারওয়ান, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ২। উপ-সচিব (শুংখলা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এম আই এস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কারওয়ান, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বারহাট্টা, নেত্রকোনা।
- ৭। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোনা।
- ৯। ডাঃ বাবুল চন্দ্র সরকার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বারহাট্টা, নেত্রকোনা।


(সাগরিকা নাসরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৭২০২৮